



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./শ্রে.বি/২০০৯/৫৩৩

তারিখ: ১০/০২/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবি ভর্তি পরীক্ষায় ১২০ নম্বরের উপর ভিত্তি করে মেধা স্কোর নির্ণয় করা হবে

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় মোট ১২০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধা স্কোর নির্ণয় করা হবে। এ ক্ষেত্রে এসএসসি/'O' লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয়সহ) জিপিএ-কে ২ দিয়ে গুণ এবং এইচএসসি/'A' লেভেল বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএ-কে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ভর্তি পরীক্ষায় ১০০ নম্বর থেকে প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে ১২০ নম্বরের উপর মেধা স্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে। 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট জিপিএ A=5.00, B=4.00, C=3.50 এবং D=3.00 হিসাব করতে হবে। মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী'র সভাপতিত্বে আজ ১০/০২/২০২৫ তারিখ সোমবার বিকাল ৪ টায় অনুষ্ঠিত কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

উল্লেখ্য, পূর্বে প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তিতে ১৫০ নম্বরের উপর মেধা স্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে উল্লেখ করা হয়েছিল যা পরিবর্তন করে ১২০ নম্বর করা হয়েছে।

আগামী ১৯ এপ্রিল ২০২৫ তারিখ 'সি' ইউনিট সকাল ১০ টায় ও 'এ' ইউনিট বিকাল ৩ টায় এবং ২৫ এপ্রিল ২০২৫ তারিখ বিকাল ৪ টায় 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রার্থীদের আবেদন চলমান রয়েছে, আগামী ২২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত দিনরাত যে কোন সময় এমন কি বন্ধের দিনও শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বিভিন্ন গণমাধ্যম ও কুবি ওয়েবসাইটে (www.cou.ac.bd) বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।